



## যশোরে টাকা ভাগাভাগি নিয়ে বিএনপি-জামায়াত সংঘর্ষে আহত ২০



এমপি গাজী এনামুল হকের নেতৃত্বে বিক্ষোভ মিছিল। ছবি: সংগৃহীত

যশোরের মনিরামপুরে মাটি বিক্রির টাকা ভাগাভাগি নিয়ে বিএনপি ও জামায়াতের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষে অন্তত ২০ জন আহত হয়েছেন। বৃহস্পতিবার রাতে উপজেলার বাজার এলাকায় এ ঘটনা ঘটে, এতে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে।

স্থানীয় সূত্র জানায়, হরিহর নদ খননের মাটি নিলামের পর তা বেশি দামে বিক্রি করে পাওয়া অর্থ ভাগাভাগি নিয়ে দুই পক্ষের মধ্যে বিরোধ দেখা দেয়। এক পর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়। এ সময় জামায়াতের কার্যালয়ে ভাঙচুরের অভিযোগ উঠেছে। সংঘর্ষে উভয়পক্ষের নেতাকর্মীরা আহত হন এবং পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

আহতদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ বিভিন্ন স্থানে চিকিৎসা দেওয়া হয়। গুরুতর আহত ছাত্রদল নেতা সালিমুন হোসেন ও আল মামুনকে যশোর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। এছাড়া রাতেই একটি ব্যবসা প্রতিষ্ঠানে হামলার অভিযোগ পাওয়া গেছে।

দুই পক্ষই ঘটনার জন্য একে অপরকে দায়ী করছে। শুক্রবার বিক্ষোভ মিছিল থেকে জড়িতদের গ্রেপ্তারের দাবি জানিয়ে ৪৮ ঘণ্টার আলটিমেটাম দেওয়া হয়। পুলিশ জানিয়েছে, পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে এবং অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।